


বিষয়: শোক সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।



শোক সংবাদ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর এর শ্বশুর আলহাজ্ব মোহাম্মদ আব্দুল লতিফ এর মৃত্যুতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিবারের শোক প্রকাশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশিদ মহোদয়ের শ্বশুর আলহাজ্ব মোহাম্মদ আব্দুল লতিফ বার্ষিক্যজনিত কারণে অদ্য ১২.০১.২০২৪ তারিখ (শুক্রবার) রাত আনুমানিক আটটার দিকে তার নিজ গ্রাম পিরোজপুর জেলার স্বরূপকাঠি উপজেলার সেহাঙ্গলে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মরহুমের মৃত্যুতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর, ট্রেজারার, রেজিস্ট্রার ও সকল বিভাগীয় প্রধানগণসহ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করেছেন। মৃত্যুকালে মরহুমের বয়স হয়েছিল প্রায় ৯৫ বছর। মরহুম আলহাজ্ব মোহাম্মদ আব্দুল লতিফ তার বর্নাট্য কর্মজীবনে একজন সফল ব্যাংকার হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। মৃত্যুকালে তিনি পরিবার-পরিজন, বন্ধু-স্বজন ও শুভানুধ্যায়ী সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। মরহুমের মৃত্যুতে তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছে বিশ্ববিদ্যালয় পরিবার।

স্বাক্ষরিত/-

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।

ড. মোহাম্মদ কামরুল ইসলাম
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়